

যৌথ উদ্যোগে জলবিদ্যুত প্রকল্প উন্নয়নে ভারত ও ভূটানের মধ্যে আন্তর্জাতিক চুক্তি

উভয় সরকারের রাষ্ট্রায়ত্ত্ব উদ্যোগের দ্বারা যৌথ জলবিদ্যুত প্রকল্প উন্নয়নে ভূটান রাজ সরকার ও ভারত সরকারের মধ্যে একটি আন্তর্জাতিক প্রাতিষ্ঠানিক কাঠামো গড়ে তোলার বিষয়ে ২২ এপ্রিল ২০১৪ খ্রিস্টাব্দে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। ভূটান রাজ সরকারের আর্থিক বিষয়ের সচিব মিঃ সোনাম শেরিং এবং ভারত সরকারের বিদ্যুত মন্ত্রকের সচিব শ্রী পি কে সিনহা চুক্তিটি স্বাক্ষর করেন।

ভূটানের সংগে জলবিদ্যুত ক্ষেত্রে সহযোগিতা উভয়ের পক্ষে লাভদায়ক চিরন্তনী নিদর্শন। যার ফলে একদিকে যেমন ভারতে নির্মল বিদ্যুত প্রবাহিত হয়, তেমনি ভূটানের রাজস্ব বৃদ্ধি হয়। এইভাবে ভারত-ভূটানের মধ্যে আর্থিক সম্পর্ককে প্রভূত সমৃদ্ধ করে। ১৪১৬ মেগাওয়াটের উৎপাদন ক্ষমতা সম্পন্ন তিনটি জলবিদ্যুত প্রকল্প (এইচইপি) ইতিমধ্যেই ভূটানে চালু রয়েছে এবং সেখান থেকে ভারতে বিদ্যুত প্রবাহিত হচ্ছে। তারমধ্যে ৩৩৬ মেগাওয়াটের চুখা প্রকল্প, ৬০ মেগাওয়াটের কুরিচু প্রকল্প ও ১০২০ মেগাওয়াটের টালা জলবিদ্যুত প্রকল্প রয়েছে। ২৯৪০ মেগাওয়াট বিদ্যুত উৎপাদন ক্ষমতা সম্পন্ন আরো তিনটি জলবিদ্যুত প্রকল্প নির্মাণের কাজ চলছে। এইগুলি হলো ১২০০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতা সম্পন্ন পুনাটসাংচু-প্রথম পর্যায় জলবিদ্যুত প্রকল্প, ১০২০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতা সম্পন্ন পুনাটসাংচু-দ্বিতীয় পর্যায় ও ৭২০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতা সম্পন্ন মাংডেচু প্রকল্প। ২০১৮ সালে এই কেন্দ্রগুলি থেকে বিদ্যুত উৎপাদন শুরু হবে।

উভয় দেশের রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা দ্বারা যৌথ উদ্যোগের মডেলগুলির কারিগরী-আর্থিক সক্ষমতা সহ ডিপিএআরের মূল্যায়ণ পরিকল্পনা সম্পূর্ণ করার পরেই ২১২০ মেগাওয়াট বিদ্যুত উৎপাদন ক্ষমতা সম্পন্ন চারটি জলবিদ্যুত প্রকল্প বাস্তবায়ণ ঐ আন্তর্জাতিক প্রাতিষ্ঠানিক কাঠামোর বিষয়। নিম্নে বিশদ উল্লেখিত-

ক্ষমতা ও প্রকল্পের নাম

যৌথ উদ্যোগের অংশীদার

৬০০ মেগাওয়াট খোলোংচু

ভারতের এসজিভিএন

লিমিটেড ও ভুটানের ড্রুক থ্রিন

পাওয়ার কর্পোরেশন(ডিজিপিসি)

১৮০ মেগাওয়াট বুনাখা প্রকল্প

(টালা,চুখা ও ওয়াংচু প্রকল্প থেকে নিম্ন

অববাহিকায় ২৩০ মেগাওয়াট প্রাপ্তি সহ)

ভারতের টিএইচডিসি লিমি: ও

ভুটানের ডিজিপিসি

৫৭০ মেগাওয়াট ওয়াংচু প্রকল্প

ভারতের এসজিভিএন লিমি: ও

ভুটানের ডিজিপিসি

৭৭০ মেগাওয়াট ছামকারছু প্রকল্প

ভারতের এনএইচপিসি ও ভুটানের

ডিজিপিসি

আন্তর্সরকারি চুক্তি স্বাক্ষরের ফলে উপরিল্লোখিত প্রকল্পগুলির কাজ প্রারম্ভ হবে। তার ফলে ভারত-ভুটান জলবিদ্যুত প্রকল্প সহযোগিতা সম্প্রসারিত হয়ে উভয় দেশের স্ট্র্যাটেজিক অংশীদারী কে সম্পৃকত করবে।

নয়াদিল্লি

২২ এপ্রিল ২০১৪